



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/বরগুনা-১৩০/ ২৬২০

তারিখঃ ১৯/৬/২০১৭খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার বামনা উপজেলাধীন বুকাবুনিয়া মাহমুদিয়া দাখিল মাদরাসার সুপারের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির বিষয়ে দৈনিক শেষ কথা, বরগুনা এর সাংবাদিক জনাব মোঃ এনায়েত উদ্দিন সিকদার শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবর একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নং-৩৭.০০.০০০০.০৮৫.৬৭.০২৭.১৫/১২৫; তারিখঃ ১০ ফেব্রুয়ারি ২০১৬ স্মারকে নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত)।

অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য তত্রি বোর্ড হতে নং-বামাশিবো/প্রশা/বরগুনা-১৩০/২৩০৫; তারিখঃ ১৯/০১/২০১৭ স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, বামনা, বরগুনাকে পত্র দেয়া হয় (কপি সংযুক্ত)। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, বামনা, বরগুনা নং- ০৫.১০.০৪১৯.০০৫.০৩.০১০.১২-১১৮; তারিখঃ ২৬/০২/২০১৭খ্রিঃ স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সুপার কর্তৃক বিভিন্ন অযুহাতে প্রায়শই মাদরাসায় অনুপস্থিত থাকা, স্বল্প সংখ্যক ছাত্র-ছাত্রী অধ্যয়ন করা, পর্যাপ্ত পরিমাণ শিক্ষক না থাকা, শিক্ষকদের পাঠদানে অবহেলা করার বিষয়টি প্রতীয়মান হয়েছে (কপি সংযুক্ত)।

তদন্ত প্রতিবেদনে প্রমানিত অভিযোগের প্রেক্ষিতে সুপারের বিরুদ্ধে কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য নং-বামাশিবো/প্রশা/বরগুনা-১৩০/২৪৬৫; তারিখঃ ২৩/০৩/২০১৭খ্রিঃ স্মারকে কারণ দর্শানো হয় (কপি সংযুক্ত)। কারণ দর্শানোর প্রেক্ষিতে মাদরাসার সুপার জবাব দাখিল করেছেন। দাখিলকৃত জবাবে সুপার উল্লেখ করেন যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ২৬/০২/২০১৭ খ্রিঃ তারিখে বেলা ৩.১৫ মিনিটে আকস্মিক মাদরাসায় পরিদর্শনে যান এবং তেমন কোন কাগজপত্র দেখতে চান নাই ও বসেনও নাই। এছাড়া মাদরাসার সুপার প্রায়শই মাদরাসায় উপস্থিত না থাকার বিষয়টি সঠিক নয় মর্মে দাবী করেন এবং মাদরাসার বিগত ০৬ বছরের দাখিল পরীক্ষা ফলাফলের তথ্য প্রদান করেন। এছাড়া মাদরাসার সুপার তাঁর জবাবে প্রতিবেদনের উপর নারাজী দিয়ে পুনঃতদন্ত চেয়ে আবেদন করেছেন।

বর্ণিত অবস্থায় উপজেলা নির্বাহী অফিসারের প্রতিবেদন ও মাদরাসার সুপারের জবাব পর্যালোচনায় উভয়পক্ষের তথ্য পরস্পর বিরোধী এবং কোন মিল নাই মর্মে প্রতীয়মান হওয়ায় এ বিষয়ে অধিকতর তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জেলা প্রশাসক, বরগুনা।

নং-বামাশিবো/প্রশাসন/বরগুনা-১৩০/

তারিখঃ / / ২০১৭খ্রিঃ

প্রয়োজনীয় কার্যার্থে ও জ্ঞাতার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, বামনা, বরগুনা।
২. জেলা শিক্ষা অফিসার, বরগুনা।
৩. সভাপতি, বুকাবুনিয়া মাহমুদিয়া দাখিল মাদরাসা, বামনা, বরগুনা।
৪. সুপার, বুকাবুনিয়া মাহমুদিয়া দাখিল মাদরাসা, বামনা, বরগুনা।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪